

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭২৮

২٩/ শिष्ठोठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৩০. যেসব নাম পছন্দনীয়

بَابِ مَا يُسْتَحَبُّ مِنْ الْأَسْمَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ، حَدَّثَنَا الْعُمَرِيُّ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ وَعَبْدُ النَّهِ عَزَّ وَجَلَّ عَبْدُ اللَّهِ وَعَبْدُ النَّهِ عَزَّ وَجَلَّ عَبْدُ اللَّهِ وَعَبْدُ الرَّحْمَنِ ".

বাংলা

১/৩৭২৮। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মহান আল্লাহর নিকট সর্বাধিক পছন্দনীয় নাম হলো আবদুল্লাহ ও আবদুর রহমান।

English

It was narrated from Ibn 'Umar that the Prophet(ﷺ) said:
"The most beloved of names to Allah are 'Abdullah and 'Abdur-Rahman."

ফুটনোট

মুসলিম ২১৩২, তিরমিয়ী ২৮৩৩, আবৃ দাউদ ৪৯৪৯, আহমাদ ৪৭৬০, ৬০৮৭, দারেমী ২৬৯৫, ইরওয়া ১১৭৬। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আবু খালিদ আল আহমার সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সত্যবাদী কিন্তু তার হাদিস দলীলযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সালেহ কিন্তু হাদিস বর্ণনায় সংমিশ্রণ ও ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫০৪, ১১/৩৯৪ নং পৃষ্ঠা) ২. আল-উমরী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি দুর্বল, তিনি নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন সাঈদ বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ছিলেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৪০, ১৫/৩২৭ নং পৃষ্ঠা)



উক্ত হাদিসটি সহীহ কিন্তু আল-উমারী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১১১ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ১৬ টি খুবই দুর্বল, ৪২ টি দুর্বল, ২৪ টি হাসান, ২৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ ২১৩১, তিরমিযি ২৮৩৩, ২৮৩৪, আবু দাউদ ৪৯৪৯, ৪৯৫০, দারিমী ২৬৯৫, আহমাদ ৪৭৬০, ৬০৮৭, ১৭১৫৩, ১৭১৫৪, ১৭১৫৫, মু'জামুল আওসাত ৬৯৪, শারহুস সুন্নাহ ৩৩৬৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন